গাংনীতে ডাচ বাংলা এজেন্ট ব্যাংকের ব্যাডমিন্টন প্রতিযোগীতার উদ্বোধন

গাংনীতে ডাচ বাংলা এজেন্ট ব্যাংক গাংনী ও বাঁশবাড়িয়া শাখার উদ্যোগে প্রথম ব্যাডমিন্টন টুর্ণামেন্ট প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার দিবাগত রাত ৮ টার সময় গাংনী ঝিনিরপুল পাড়া গাংনী ব্যাডমিন্টন ক্লাব মাঠে এ খেলার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

ডাচ বাংলা এজেন্ট ব্যাংক গাংনী শাখার পরিচালক খোরশেদ আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান। এসময় বিশেষ অতিথি ছিলেন, রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান, বিডি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এখলাচুর রহমান বাবু, গ্রামীণ ব্যাংকের গাংনী শাখার ব্যবস্থাপক মহিব্বুর রহমান, গাংনী মাধ্যমিক স্কুল এন্ড কলেজের প্রভাষক কামাল হোসেন, সহকারী শিক্ষক কামরুজ্জামান, হাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক জামাল উদ্দীন প্রমুখ।

উদ্বোধনী দিনে জেলার বিভিন্ন স্থান থেকে দৈতভাবে ৮ টি দল খেলায় অংশ নেন।আগামীকাল বৃহস্পতিবার অনুর্ধো ১৯ একক ও শুক্রবার সন্ধ্যায় একই মাঠে ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে। খেলা শেষে বিজয়ীদের মাঝে পুরুস্কার ও সেরা খেলোয়াড় ও ম্যান অফ দ্যা ম্যাচের মধ্যে পুরস্কার বিতরণ করা হবে।

আজকের খেলায় ডাচ বাংলা এজেন্ট টীম ও সাংবাদিক কানন একাদশের খেলা শেষে কানন একাদশের ক্যাপটেন জিসান ফিজাকে ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত করা হয়।

মেহেরপুরে এক বোতল ভারতীয় মদসহ যুবক আটক

মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর গ্রামে অভিযান চালিয়ে এক বোতল ভারতীয় মদসহ সোহান ওরফে সংগ্রাম নামের (২০) এক যুবককে আটক করেছে সদর থানা পুলিশ।

গতকাল বুধবার বিকাল পোনে ৬ টার দিকে তাকে আটক করা হয়।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে সদর থানার এস আই জিল্লুর রহমান ও এএসআই শাকিল খান সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালায়। এসময় ভারতীয় মদ ০১ বোতল Royal Stag Whiskey সহ হরিরামপুর গ্রামের আব্দুল মতিনের ছেলে সোহান আটক করা হয়। তার বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতে পাঠানো হবে।

গাংনীর থানাপাড়াতে খেজুরের রস খেয়ে নারীসহ ৬ জন অসুস্থ্য হাসপাতালে ভর্তি

খেজুরের রস খেয়ে দুটি পরিবারের ৬ জন অসুস্থ্য হয়ে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হয়েছেন। অসুস্থ্যরা হলেন গাংনী পৌর শহরের ৮ নং ওয়ার্ড থানা পাড়া এলাকার আব্দুর রহিমের ছেলে রাকিবুল ইসলাম (৪০), খোদা বকসের ছেলে সাহারুল ইসলাম (৪৫) তার স্ত্রী আয়েশা খাতুন (৩০, মেয়ে কেয়া খাতুন (১৬), হাফিজুল ইসলামের স্ত্রী রেকসোনা খাতুন (৩২)ও ছেলে আবিদ হোসেন (১৫)।

বুধবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত বিভিন্ন সময়ে এসব রোগীরা অসুস্থ হয়ে গাংনী হাসপাতালে ভর্তি হয় বলে জানান জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক উপসহকারী মেডিকেল এ্যাসিসটেন্ট (স্যাকসো) তানভীর।

সাহারুল ইসলাম জানান, গত মঙ্গলবার রাতে প্রতিবেশী আনারুল ইসলামের কাছে থেকে দুটি পরিবারের লোকজন খেজুরের রস কিনে পরিবারের সবাই পান করি। মধ্যরাত থেকে পাতলা পায়খানা ও বমি হওয়া শুরু করি। পরে সকালের দিকে হাসপাতালে আসা শুরু হয়।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক পাপড়ি জানান, বর্তমানে সবাই সুস্থ্য রয়েছেন। তবে তাদের হাসপাতালে রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে।

চুয়াডাঙ্গার হিজলগাড়ি ফার্ম লেবারের হাতে সুপারভাইজার লাঞ্ছিত : থানায় মামলা

চুয়াডাঙ্গার হিজলগাড়ি কেরুজ চিনিকলের ব্যাণিজ্যিক খামারের সুপার ভাইজারকে শারীরিক ভাবে লাঞ্ছিত করা ঘটনা ঘটেছে। এ ঘটনায় দর্শনা থানায় অভিযুক্তদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

বুধবার সকালে সুপার ভাইজার বকুল আহম্মেদ ফার্মের লেবার কর্তৃক লাঞ্ছিত হয়। জানাগেছে, বুধবার সকাল সোয়া ৭ টার দিকে ফার্মের লেবার চুয়াডাঙ্গা সদর উপজেলার নবগঠিত নেহালপুর ইউনিয়নের হিজলগাড়ি ফার্ম পাড়ার ইনছান আলীর ছেলে আব্দুর রাজ্জাক (৪৮), একই পাড়ার মৃত আক্কেল মন্ডলের ছেলে শামীম হোসেন (৩৬), মৃত আব্দুর রহিম উদ্দিনের ছেলে হালিম উদ্দিন (৫২) ও মৃত আব্দুল আজিজের ছেলে ইমা
(৪৫) তারা সকলে হিজলগাড়ি ফার্মে হাজির হয়।

এসময় তাদের ফার্মের খাতায় কাজের হাজিরা না দেওয়াকে কেন্দ্র করে সেখানকার সুপারভাইজার বকুল আহম্মেদের সঙ্গে বাকবিতন্ডার সৃস্টি হয়। এরই একপর্যায় ফার্মের সুপার ভাইজার বকুল হোসেনকে মারধর করা সহ শারীরিক ভাবে লাঞ্ছিত করা হয়। এঘটনায় অভিযুক্তদের নাম উল্লেখ করে দর্শনা থানায় এজাহার দায়ের করা হয়েছে।

হিজলগাড়ি ব্যাণিজ্যিক খামারের ইনচার্জ আরিফুজ্জামান জানান, তারা

সকলে ফার্মের দিন হাজিরার শ্রমিক। কাজ না থাকলে তাদের কাজ দেবো কোথা থেকে। তবে ফার্মের সুপার ভাইজারকে মারধর করেছে তারা সকলে অলস, কাজ তেমন করেনা। তারা মারধর না করে আমাকে বললে সমাধান দিতাম।

চুয়াডাঙ্গার বলদিয়ায় বিষপানে এক ব্যক্তির আত্মহত্যা

ধার-দেনা ও ঋণের বোঝা বইতে না পেরে চুয়াডাঙ্গা সদর তিতুদহের বলদিয়া গ্রামের ফার্মপাড়ার ইনছান আলী (৪৪) নামের এক ব্যাক্তি বিষপানে আত্মহত্যা করেছে। বুধবার দুপুর ২টার দিকে নিজ বসতবাড়ির পিছনের আমবাগানে বিষপান করে।

তার বিষপানের বিষয়টি পরিবারের লোকজন টেরপেয়ে চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়। সেখানে নেওয়া হলে হাসপাতালের ইমার্জেন্সি বিভাগের চিকিৎসক তার পরিক্ষা-নিরিক্ষা শেষে মৃত ঘোষণা করেন। আত্মহত্যাকারীর মৃতদেহর ময়না তদন্তের জন্য হাসপাতাল মর্গে রাখা হয়েছে।

সে চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের বলদিয়া গ্রামের ফার্মপাড়ার বাসিন্দা ২ সন্তানের জনক ও শমসের মন্ডলের ছেলে।

স্থানীয় ও পরিবার সুত্রে জানা যায়, প্রায় ২০ লক্ষ টাকার মত ধার-দিনায় জড়িয়ে পড়ে। এনিয়ে প্রায়,প্রায় পারিবারিক কলহ সৃস্টি হতো। সে পাওনা দারদের টাকা পরিষদে দুঃচিন্তায় পরে এ আত্মহত্যার পথ বেঁছে নিতে পারে বলে তাদের ধারনা।

দর্শনা আকন্দবাড়িয়া বীজ খামারে অনুমোদন ছাড়াই সরকারি গাছ কর্তন! নিরব কর্তৃপক্ষ

বনবিভাগের অনুমোদন ছাড়াই দর্শনা কেরুজ আকন্দবাড়িয়া বীজ উৎপাদন খামারে শতশত বিভিন্ন প্রকার সরকারি গাছ কর্তন করার অভিযোগ উঠেছে কর্তৃপক্ষের বিরুদ্ধে।

বিষয়টি নিয়ে পত্রপত্রিকায় রিপোর্ট প্রকাশিত হলে প্রমান লোপাটের চেষ্টা চালাই অভিযুক্তরা। তবে শেষ রক্ষা হয়নি তাদের। সাংবাদিকরা সরেজমিনে খোজখবর নিতে গিয়ে দেখে কর্তৃনকৃত গাছের নিচের অংশ মাটিচাপা দিয়েছে অভিযুক্তরা।

গাছ কাটার প্রমাণ মাটি দিয়ে ঢাকা থাকলেও কর্তৃপক্ষের চোখে কালো চশমা থাকায় তা দেখতে পাচ্ছেন না। অনুমোদন ছাড়া সরকারি গাছ কর্তন করায় বইছে আলোচনা সমালোচনার ঝড়। বিষয়টি প্রধান কার্যালয়কে তদন্ত করার দাবি জানিয়েছে সচেতন মহল।

দর্শনা কেরুজ চিনিকলে প্রতিবছর চিনি উৎপাদনের আগমূহুর্তে বয়লারের জ্বালানি হিসাবে ঠিকাদারের মাধ্যমে খড়ি ক্রয় করে থাকেন। তারি ধারাবাহিকতায় ২০২১-২২ মাড়াই মোরসুমে ১১শ মেট্রিকটন খড়ি ক্রয় করে।

মাড়াই কার্যদিবস শেষ হবার ১৮ দিন আগেই ক্রয়কৃত খড়ি শেষ হয়ে যায়। মাড়াই কার্যক্রম চলমান রাখার জন্য কর্তৃপক্ষ তড়িঘড়ি করে নিজেস্ব বিভিন্ন কৃষি খামার থেকে শুকনা গাছ ও গছের ডাল কাটার নির্দেশ দেয়।

এর জন্য কর্তৃপক্ষ বীজ পরিদর্শন ও কৃষিতত্ব বিভাগের ব্যবস্থাপক দেলোয়ার হোসেনকে প্রধান করে ৪ সদস্য বিশিষ্ট গাছকাটা কমিটি গঠণ করে দেন।

অভিযোগ উঠেছে কমিটির প্রধান দেলোয়ার হোসেন ও আকন্দবাড়িয়া বীজ উৎপাদন খামার ইনচার্জ জাহিদুল ইসলাম টুটুল বনবিভাগের অনুমোদন ছাড়াই মরাগাছ এবং গাছের ডালকাটার অযুহাতে বিভিন্ন কৃষি খামারের সরকারি মূল্যবান গাছ কেটে সাবাড় করে দেন।

কর্তনকৃত গাছের কিছু অংশ বয়লারের জ্বালানি হিসাবে চিনিকলে সরবরাহ করলেও গাছের মূল্যবান অংশ আত্নসাৎত করেছেন বলে গুঞ্জণ ওঠে। বিষয়টি নিয়ে সংবাদ প্রকাশিত হলে নড়েচড়ে বসে কর্তৃপক্ষ। অভিযুক্তদেরকে কারণ দর্শনো নোটিশ করে তিন দিনের মধ্যে জবাব দেবার নির্দেশ দেয়া হয়।

১৪ দিন পর অভিযুক্তরা সবাইকে রক্ষা করে সাংবাদিকদের অভিযুক্ত করে তদন্ত প্রতিবেদন জমা দেয় কর্তৃপক্ষের নিকট। বুধবার সকালে সাংবাদিকরা পুনরায় আকন্দবাড়িয়া বীজ উৎপাদন খামারে গিয়ে অনুসন্ধন চালাই। অনুসন্ধানে গিয়ে দেখা যায় কর্তৃনকৃত গাছের নিচের অংশ মাটি দিয়ে ঢেকে রাখা আছে।

মাটি সরাতে থাকলে একের পর এক মূল্যবান গাছের অংশ বেরিয়ে আসে। অথচ চিনিকলের ব্যবস্থপনা পরিচালক মোশারফ হোসেন সরেজমিনে তদন্তে গিয়ে কোন গাছ কাটার নমুনা দেখতে পাননি।

অনেকেই মন্তব্য করে বলেছেন চোখে কালোচমা পরা থাকলে অনেক কিছু চোখে পড়ে না। যেমনটি ঘটেছে আকন্দবাড়িয়া বীজ উৎপাদন খামারের গাছ কাটার বিষয়টি।

বিষয়টি সদর দপ্তরকে খতিয়ে দেখার দবি জানিয়েছে সচেতন মহল। এব্যাপারে চিনিকলের ব্যবস্থপনা পরিচালকে ফোন দিলে তিনি ফোন রিসিভ করেনি।

দামুড়হুদা মালিক সুপার মার্কেট ব্যবসায়ী সমিতির ত্রি-বার্ষিক নির্বাচন সম্পন্ন

দামুড়হুদা বাসস্ট্যান্ডস্থ মালিক সুপার মার্কেটের ব্যবসায়ী সমিতির ত্রি-বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে।

বুধবার সকাল ৯টা থেকে দুপুর ১২টার পর্যন্ত বিরতিহীন ভাবে অনুষ্ঠিত এ নির্বাচন মালিক সুপার মার্কেটের অফিস কক্ষে

শান্তিপূর্ণ ও উৎসবমূখর পরিবেশের মধ্যে দিয়ে শেষ হয়।

নির্বাচনে ৮০জন ভোটারের মধ্যে ভোটাধিকার প্রয়োগ করেছেন ৭৯জন ভোটার।নির্বাচনে ৯টি পদের বিপরিতে ১৪জন প্রার্থী সভাপতি, সম্পাদক সহ বিভিন্ন পদে প্রতিদ্বন্ধীতা করেন।

এতে সভাপতি পদে মা গার্মেন্টেস মালিক আ:লীগ নেতা সেলিম উদ্দীন বগা (আনারস) প্রতীকে ৫৪ভোট পেয়ে নির্বাচিত হয়েছে। তার একমাত্র প্রতিদ্বন্ধী প্রার্থী খাঁন এন্টারপ্রাইজ এর মালিক, দামুড়হুদা সদর ইউপি সদস্য জাহিদুল ইসলাম (ফুটবল) প্রতীকে পেয়েছেন ২৪ভোট। সাধারণ সম্পাদক পদে এস এ ফ্যাশন এর মালিক শরিফুল ইসলাম শরিফ (মোবাইল) প্রতীকে ৪১ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন।

তার একমাত্র নিকটতম প্রতিদ্বন্ধী প্রার্থী রাজ ফ্যাশনের মালিক আমিনুল ইসলাম রশিদ (মোটরসাইকেল) প্রতীকে পেয়েছেন ৩৭ভোট পেয়ে নির্বাচিত হন। ভোটগ্রহণ শেষে প্রধান নির্বাচন কমিশনার নজরুল ইসলাম আনুষ্ঠানিকভাবে নির্বাচনের ফলাফল ঘোষণ করেন।

ভোট গ্রহন পরিদর্শন শেষে নির্বাচিত বিজয়ীদের অভিনন্দন ও শুভেচ্ছা জানান উপজেলা আ:লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু, দামুড়হুদা সদর ইউনিয়ন আ.লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ।

মোনাখালী ইউনিয়ন ওয়ার্ড আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মোলন অনুষ্ঠিত

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগকে শক্তিশালী ও গতিশীল করে জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার মাধ্যমে আগামী জাতীয় নির্বাচনে নৌকার প্রার্থীকে বিজয়ী করার মধ্যে দিয়ে পুনরায় জননেত্রী শেখ হাসিনাকে বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত করে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের স্বপ্নকে বাস্তবায়িত করার লক্ষ্যে মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ে

কমিটি গঠন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকালে মোনাখালী ইউনিয়ন আওয়ামী লীগের আয়াজনে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স অডিটরিয়াম হল রুমে অনুষ্ঠিত সম্মেলনে ঐ ইউনিয়নের ৯ টি ওয়ার্ডের কমিটি ঘোষনা দেয়া হয়।

মোনাখালী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম রফা’র সভাপতিত্বে উক্ত সম্মেলনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন দোদুল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক এম এ খালেক,যুগ্ম সাধারন সম্পাদক এ্যাড.ইব্রাহীম শাহীন,মেহেরপুর জেলা আওয়ামী লীগের অন্যতম সদস্য রফিকুল ইসলাম তোতা।

মুজিবনগর উপজেলা শ্রমিকলীগের সভাপতি আবুল কালাম আজাদের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মজিবার রহমান মধু বিশ্বাস, সাধারন সম্পাদক নজরুল ইসলাম,দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুস্তাকিম হক খোকন কমান্ডার, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সভাপতি মতিয়ার রহমান মতিন,মোনাখালী ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি স্বপন গাজী,ইউপি সদস্য মোমিনুল ইসলাম প্রমুখ।

ঘোষিত ওয়ার্ড কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকরা হলো, মোনাখালি ইউনিয়নের ১নং ওয়ার্ডে আব্দুল কাদের মালিথা সভাপতি ও মোকাদ্দেস আলী সাধারন সম্পাদক, ২নং ওয়ার্ড আওলাদ হোসেন সভাপতি ও গোলাম পঞ্চাতন সাধারন সম্পাদক, ৩নং ওয়ার্ডে আতিকুর রহমান সভাপতি ও জাব্বারুল ইসলাম জাব্বার কে সাধারন সম্পাদক, ৪নং ওয়ার্ডে আব্দুস সালাম সভাপতি ও আবুল কালাম শেখকে সাধারন সম্পাদক, ৫নং ওয়ার্ডে বজলুর রহমান সভাপতি ও এনামুল হক সাধারন সম্পাদক, ৬নং ওয়ার্ডে আসাদুল হক সভাপতি ও সাজেদুর গাজীকে সাধারন সম্পাদক, ৭নং ওয়ার্ডে এরশাদ আলী সভাপতি ও এনামুল হককে সাধারন সম্পাদক, ৮নং ওয়ার্ডে মিয়ারুল ইসলাম সভাপতি ও দেলোয়ার হোসেনকে সাধারন সম্পাদক, ৯নং ওয়ার্ডে আব্দুল কুদ্দুস সভাপতি ও ফেরদৌসকে সাধারন সম্পাদক করে মোনাখালি ইউনিয়নের ৯টি ওয়ার্ড আওয়ামী লীগের কমিটি গঠন করা হয়।

সভাপতি-মিজানুর, সম্পাদক-নজরুল

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার এলাঙ্গী ইউনিয়ন আ.লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

সম্মেলনে ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান সভাপতি ও ইউনিয়ন আ.লীগ নেতা মোঃ নজরুল ইসলামকে সাধারণ সম্পাদক হিসাবে মনোনীত হয়েছেন। বুধবার রাত ৮ টায় সম্মেলনের দ্বিতীয অধিবেশন অনুষ্ঠানে এ ঘোষণা দেওয়া হয়।

এর আগে বিকালে এলাঙ্গী ইউনিয়ন পরিষদ চত্তরে সম্মেলনের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়। উপজেলা আ.লীগের সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিেফেুন্নছা মিকির সভাপতিত্বে এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা আ.লীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধা মোঃ আব্দুল হাই এমপি।

সম্মেলনে প্রধান বক্তা ছিলেন, জেলা আ.লীগের সাধারণ সম্পদক সাইদুল করিম মিন্টু। উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলীর পরিচালনায় সম্মেলনে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল।

এছাড়ও সাবেক সাংসদ ও কেন্দ্রীয় যুবলীগের প্রেসিডিয়াম সদস্য অধ্যাপক নবী নেওয়াজ, জেলা আ.লীগের সহ-সভাপতি তৈয়ব আলী জর্দার, ঝিনাইদহ পৌর আ.লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম প্রমূখ বক্তব্য রাখেন।

সম্মেলনে জেলা ও উপজেলা নেতৃবৃন্দের নীতি নির্ধারক কমিটির চুড়ান্ত সিদ্ধান্ত অনুযায়ী এলাঙ্গী ইউনিয়ন আ.লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ও এলাঙ্গী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খাঁনকে সভাপতি এবং ইউনিয়ন আ.লীগ নেতা নজরুল ইসলামকে সাধারণ সম্পাদক হিসাবে মনোনীত করা হয়।

এদিকে দীর্ঘ কয়েক বছর পর ইউনিয়ন আ.লীগের সম্মেলন ঘিরে নেতা- কর্মীদের মাঝে উৎসবের আমেজ লক্ষ করা গেছে। দুপুর হতে বিভিন্ন গ্রাম থেকে আ.লীগের কর্মী-সর্মথক নারী-পুরুষ রং-বেরঙ্গের ব্যানার

পেস্টুন নিয়ে সমাবেশ স্থলে জড়ো হতে থাকে।

অনুষ্ঠানে উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, সাবেক পৌর মেয়র জাহিদুল ইসলাম সহ জেলা ও উপজেলা আ.লীগ এবং সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

হরিণাকুন্ডুতে বাজার তদারকিতে উপজেলা নির্বাহী অফিসার

দিন যত যায় বেড়েই চলছে নিত্যপণ্যের দাম। চাল, ডাল, ভোজ্যতেল, পেঁয়াজ, চিনিসহ নিত্যপণ্যের দাম ঊর্ধ্বমুখী। শুধুই বাজার মনিটরিং নয়, এহেন অবস্থায় বাজার নিয়ন্ত্রণেও কার্যকর ভূমিকা দেখতে চাই সাধারণ জনগণ।

দিন দিন নিত্যপণ্যের দাম নাগালের বাইরে চলে যাচ্ছে। তেলের পিছু তো ধরাই যায় না। পথে প্রান্তরে গুনজন শুনা যায় প্রতিদিন যা কামায় করি তার সবটুই চলে যায় বাজার সদায়ে। পুজি করবো কিভাবে। এরপর বাচ্চাদের লেখাপড়ার কথা তো পড়েই থাকলো। এমনি ক্ষোভের কথা শুনা যায় সাধারণ জনমনে।

এদিকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে এবং জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অর্পিত ক্ষমতাবলে ঝিনাইদহ জেলা প্রশাসকের আদেশক্রমে ঝিনাইদহ জেলার বাঘাযতীন ও লালনভূমি হরিণাকুন্ডুর বিভিন্ন বাজার রাতদিন তদারকি করে বেড়াছেন হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) সেলিম আহমেদ।

প্রতিনিয়তই উপজেলা কার্যালয় হতে পারবর্তীপুর বাজার এবং দৌলতপুর ইউনিয়নের বিভিন্ন বাজার সহ উপজেলাধীন সকল বাজার তদারকি করা হয়। এদিকে পৌরসভাধীন পারবর্তীপুর বাজারে অধিক মূল্যে সয়াবিন তেল বিক্রয়, বোতলের গায়ের মূল্য মুছে ফেলা ও নিষিদ্ধ কসমেটিকস বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

পাশাপাশি ভোক্তাদের মাঝে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়। পাশাপাশি প্রতিটি দোকানে মূল্য তালিকা প্রদর্শন করতে, প্রতিদিন মূল্য তালিকা হালনাগাদ করতে, অধিক মূল্যে পণ্য বিক্রয় না করতে এবং প্রতিটি পণ্যের ক্রয় রসিদ সংরক্ষণ করতে অনুরোধ করা হয়।

ঝিনাইদহ জেলা প্রশাসকের নির্দেশনায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রমে সার্বিক সহযোগিতা করেন হরিণাকুন্ডু থানা পুলিশ সদস্যরা। জনস্বার্থে এ কার্যক্রম চলমান থাকবে বলেও জানিয়েছেন হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) সেলিম আহমেদ।